# ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩৭ বর্ষ ৫ম সংখ্যা | ওয়েবসাইট : http://www.du.ac.bd (DU Barta) | ১ জ্যৈষ্ঠ ১৪৩০, ১৫ মে ২০২৩


## উপাচার্যের ঈদ-উল-ফিতরের শুভেচ্ছা



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারীসহ সকলকে আন্তরিক শুভেচ্ছা ও 'ঈদ মোবারক' জানিয়েছেন। এ উপলক্ষ্যে তিনি সকলের অনাবিল সুখ, শান্তি, সমৃদ্ধি, আনন্দ ও মঙ্গল কামনা করেন।

গত ২০ এপ্রিল ২০২৩ এক শুভেচ্ছা বাণীতে উপাচার্য বলেন, পবিত্র ঈদ-উল-ফিতর ধনী-গরীব, শ্রেণি-পেশা ও ধর্ম নির্বিশেষে সকলের জীবনে সৌহার্দ, সহমর্মিতা, সহনশীলতা ও ভ্রাতৃত্বের বার্তা নিয়ে আসে। সব ভেদাভেদ ভুলে এই দিনে সবাই সাম্য, মৈত্রী ও সম্প্রীতির বন্ধনে মিলিত হয়। ঈদ-উল-ফিতর সকলের মাঝে আত্মশুদ্ধি, উদারতা, নৈতিকতা ও মানবিক মূল্যবোধ জাগ্রত করে। তিনি প্রতিবেশী, আত্মীয়-স্বজন ও পরিবারের সদস্যদের সঙ্গে ঈদের আনন্দ ভাগাভাগি করার জন্য সকলের প্রতি আহ্বান জানিয়ে বলেন, মাহে রমজানের আত্মশুদ্ধি ও সংযমের শিক্ষা গ্রহণ করে একটি অন্তর্ভুক্তিমূলক, উদার ও মানবিক সমাজ প্রতিষ্ঠায় সকলে এগিয়ে আসলেই পবিত্র ঈদ-উল-ফিতরের মূলদর্শন ও মূল্যবোধের প্রতিফলন ঘটে।



নবনির্বাচিত মহামান্য রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন গত ২৫ এপ্রিল ২০২৩ কেন্দ্রীয় শহিদ মিনার বেদিতে পুষ্পস্তবক অর্পণ করে ভাষা শহিদদের অমর স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। কেন্দ্রীয় শহিদ মিনারে এলে তাঁকে অভিনন্দন, শুভেচ্ছা ও স্বাগত জানান উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। এসময় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল এবং কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ উপস্থিত ছিলেন।

## উপাচার্য দক্ষিণ কোরিয়া সফর শেষে দেশে ফিরেছেন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সপ্তাহব্যাপী দক্ষিণ কোরিয়া সফর শেষে গতকাল ১৩ মে ২০২৩ শনিবার রাতে দেশে ফিরেছেন। কোরিয়া ফাউন্ডেশন (কেএফ)-এর প্রেসিডেন্ট মি. ঘিওয়ান কিমের আমন্ত্রণে এই সফরে উপাচার্য 'ইন্টারন্যাশনাল এক্সচেঞ্জ প্রোগ্রামে' অংশগ্রহণ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যসহ যুক্তরাষ্ট্র, ইরাক, প্যালেস্টাইনসহ বিশ্বের ০৬টি দেশের খ্যাতিমান বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্ট/উপাচার্য/রেক্টরগণ এই 'ইন্টারন্যাশনাল এক্সচেঞ্জ প্রোগ্রামে' অংশ নেন।

সফরকালে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান কোরিয়া ফাউন্ডেশনের বিভিন্ন উচ্চ-পর্যায়ের বৈঠক ও কর্মসূচিতে অংশগ্রহণ করেন। এসময় তিনি শিক্ষা, সংস্কৃতি, গবেষণা ও উদ্ভাবন বিষয়ে পারস্পরিক সহযোগিতা জোরদার করার উপর গুরুত্বারোপ করেন।

উপাচার্য কোরিয়ার বিভিন্ন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সাথেও পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক ফলপ্রসূ আলোচনা করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় এবং কোরিয়ার খ্যাতিমান বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়েও তিনি মতবিনিময় করেন।

এছাড়া, উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এই সফরে কোরিয়া ন্যাশনাল ডিপ্লোমেটিক একাডেমি, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল রিসার্চ, কোইকা, সিউল ন্যাশনাল ইউনিভার্সিটি, কোরিয়ান ন্যাশনাল ইনস্টিটিউট ফর ইন্টারন্যাশনাল এডুকেশন, একাডেমি অব কোরিয়ান স্টাডিজ, কোরিয়ান ন্যাশনাল মিউজিয়াম ও ওয়ার মিউজিয়াম এবং তিনটি ঐতিহাসিক প্যালেসসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান পরিদর্শন করেন। এসময় তিনি গ্লোবাল ট্যালেন্ট ডেভেলপমেন্ট প্রোগ্রাম, ফরেন স্কলারশিপ প্রোগ্রাম এবং কোরিয়ান স্টাডিজ প্রোগ্রামসহ বিভিন্ন বিষয়ে সংশ্লিষ্টদের সাথে মতবিনিময় করেন।

উল্লেখ্য, উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ৬ মে ২০২৩ শনিবার ৭-দিনের সফরে দক্ষিণ কোরিয়া গমন করেন।

## ইংরেজি বিভাগের উদ্যোগে দু'দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন

ঢাকা বিশ্ববিদ্যালয় ইংরেজি বিভাগের উদ্যোগে 'Mapping Gendered Spaces in Language, Literature and Culture' শীর্ষক দু'দিনব্যাপী এক আন্তর্জাতিক সম্মেলন গত ৪ মে ২০২৩ আরসি মজুমদার আর্টস মিলনায়তনে শুরু হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই সম্মেলন উদ্বোধন করেন।

ইংরেজি বিভাগের অধ্যাপক ড. ফকরুল আলমের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুল বাছির বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। কলকাতা বিশ্ববিদ্যালয় কলা অনুষদের সাবেক ডিন অধ্যাপক ড. সংযুক্তা দাশগুপ্ত মূল প্রবন্ধ উপস্থাপন করেন। ইংরেজি বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক জেরিন আলম স্বাগত বক্তব্য দেন। সম্মেলন আয়োজক কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. সামসাদ মর্তূজা ধন্যবাদ জ্ঞাপন করেন। (৩য় পৃষ্ঠায় দেখুন)

## বাংলা নববর্ষ উদ্‌যাপিত




বর্ণাঢ্য কর্মসূচির মধ্য দিয়ে গত ১৪ এপ্রিল ২০২৩ ঢাকা বিশ্ববিদ্যালয়ে বাংলা নববর্ষ-১৪৩০ উদ্‌যাপিত হয়েছে। এ উপলক্ষ্যে ঐদিন সকাল ৯টায় চারুকলা অনুষদ থেকে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের নেতৃত্বে মঙ্গল শোভাযাত্রা বের হয়। মঙ্গল শোভাযাত্রা শাহবাগ মোড় হয়ে পুনরায় চারুকলা অনুষদে গিয়ে শেষ হয়। ইউনেস্কো কর্তৃক 'মানবতার স্পর্শাতীত সাংস্কৃতিক ঐতিহ্য' হিসেবে ঘোষিত মঙ্গল শোভাযাত্রার এবারের স্লোগান ছিল 'বরিষ ধরা-মাঝে শান্তির বারি'।

বর্ণাঢ্য ও জাঁকজমকপূর্ণ এই মঙ্গল শোভাযাত্রায় সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রী কে এম খালিদ, এমপি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেন, (৩য় পৃষ্ঠায় দেখুন)

## মুজিবনগর সরকার বাংলাদেশের প্রথম বৈধ ও গণতান্ত্রিক সরকার–উপাচার্য



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেছেন, মুজিবনগর সরকার বাংলাদেশের প্রথম বৈধ ও গণতান্ত্রিক সরকার। স্বাধীনতা বিরোধী চক্র সর্বদা মুজিবনগর সরকার ও মহান মুক্তিযুদ্ধকে বিতর্কিত করার অপচেষ্টা চালায়। নতুন প্রজন্মকে এই অপশক্তির ব্যাপারে সতর্ক থাকতে হবে এবং মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস জানতে হবে। ঐতিহাসিক মুজিবনগর দিবস উপলক্ষ্যে গত ১৭ এপ্রিল ২০২৩ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে এক আলোচনা সভায় সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

আলোচনা সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. জিনাত হুদা, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক তানভীর হাসান সৈকতসহ অফিসার্স এসোসিয়েশন, কর্মচারী সমিতি, কারিগরি কর্মচারী সমিতি এবং চতুর্থ শ্রেণী কর্মচারী ইউনিয়নের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রবীর কুমার সরকার অনুষ্ঠান সঞ্চালন করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঐতিহাসিক মুজিবনগর সরকারের পটভূমি ও তাৎপর্য তুলে ধরে বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মুক্তিযুদ্ধের একটি রূপরেখা প্রণয়ন করেছিলেন। তাঁর প্রণীত রূপরেখা, পরিকল্পনা ও নির্দেশনা অনুযায়ী ১৯৭০ সালের সাধারণ নির্বাচনে বিজয়ী আওয়ামী লীগের জনপ্রতিনিধিদের নিয়ে নিয়মতান্ত্রিকভাবে মুজিবনগর সরকার গঠিত হয়েছিল। একজন ব্যক্তির নামে সরকার গঠনের এমন নজির বিশ্বে আর কোথাও নেই। নিয়মতান্ত্রিকভাবে গঠিত এই সরকারের নেতৃত্বেই বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধ পরিচালিত হয়েছিল। তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অমর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন।

## ঢাকার তাপমাত্রা সহনশীল রাখতে ঢাবি ও ডিএনসিসি'র যৌথ কার্যক্রম উদ্বোধন




ঢাকা নগরীর তাপমাত্রা সহনশীল রাখতে যুক্তরাষ্ট্র ভিত্তিক সংস্থা অ্যাড্রিয়েন আর্শট-রকফেলার ফাউন্ডেশনের সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয় ডিজাস্টার সায়েন্স এন্ড ক্লাইমেট রেজিলিয়েন্স বিভাগ এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (ডিএনসিসি) যৌথভাবে কার্যক্রম পরিচালনার উদ্বোধনী অনুষ্ঠান গত ৩ মে ২০২৩ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র মো. আতিকুল ইসলাম।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস (৩য় পৃষ্ঠায় দেখুন)

# ভূমিধ্বস দুর্যোগ ঝুঁকি প্রশমন বিষয়ক জাতীয় কর্মশালা অনুষ্ঠিত



ঢাকা বিশ্ববিদ্যালয় ডিজাস্টার সায়েন্স এন্ড ক্লাইমেট রেজিলিয়েন্স বিভাগের উদ্যোগে 'ল্যান্ডস্লাইড ডিজাস্টার রিস্ক রিডাকশন এপ্রোচেস ইন বাংলাদেশ: স্পেশাল অ্যাটেনশন অন কুতুপালং রোহিঙ্গা ক্যাম্প' শীর্ষক এক জাতীয় কর্মশালা গত ৩০ এপ্রিল ২০২৩ বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী ডা. মো. এনামুর রহমান, এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল কর্মশালায় সভাপতিত্ব করেন।

কর্মশালায় অন্যান্যের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় ডিজাস্টার সায়েন্স এন্ড ক্লাইমেট রেজিলিয়েন্স বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. জিল্লুর রহমান, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মহাপরিচালক মো. মিজানুর রহমান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অতিরিক্ত সচিব নীলিমা আখতার, বাংলাদেশ সেনাবাহিনীর ব্রিগেডিয়ার জেনারেল আহমেদ জামিউল ইসলাম এবং ইউনিভার্সিটি কলেজ লন্ডনের সহযোগী অধ্যাপক ড. বায়েস আহমেদ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী ডা. মো. এনামুর রহমান সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অমর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, স্বাধীনতার পরই দেশে দুর্যোগের ঝুঁকি হ্রাস করতে আগাম বার্তা প্রদান এবং ঝুঁকিপ্রবণ এলাকার মানুষদের নিরাপত্তা প্রদানে বঙ্গবন্ধু নানাবিধ পদক্ষেপ গ্রহণ করেছিলেন। বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার দুর্যোগ মোকাবিলা ব্যবস্থাপনায় অসাধারণ উন্নয়ন করে চলছে। দেশের উন্নয়নের ধারাকে এগিয়ে নিতে ভূমিধ্বসসহ বিভিন্ন দুর্যোগ প্রশমনে সমন্বিতভাবে যথাযথ গবেষণা পরিচালনার জন্য তিনি সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান।

প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল বলেন, এই কর্মশালায় অংশগ্রহণের মাধ্যমে শিক্ষক, গবেষক ও শিক্ষার্থীরা উপকৃত হবে এবং এতে উপস্থাপিত বিভিন্ন গবেষণার ফলাফল দুর্যোগ প্রশমনের ক্ষেত্রে নীতিনির্ধারণে অত্যন্ত সহায়ক ভূমিকা পালন করবে। তিনি দেশের উন্নয়নের ধারা অব্যাহত রাখতে দুর্যোগের কারণসমূহ চিহ্নিত, জনসচেতনতা তৈরি এবং দুর্যোগ প্রশমনে সময়মত পদক্ষেপ গ্রহণের উপর গুরুত্বারোপ করেন।

কর্মশালায় ৬টি গবেষণা প্রবন্ধের ফলাফল উপস্থাপন করা হয়। এতে শিক্ষক, গবেষক, বিশেষজ্ঞ, শিক্ষার্থী এবং সংশ্লিষ্ট সরকারি, বেসরকারি ও উন্নয়ন সংস্থার শীর্ষ পর্যায়ের ব্যক্তিবর্গ অংশগ্রহণ করেন।

# পরিবেশ দূষণ ও ঝুঁকি ব্যবস্থাপনা শীর্ষক আন্তর্জাতিক সিম্পোজিয়াম



ঢাকা বিশ্ববিদ্যালয়, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং সুইডেনের লিনিয়াস বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে 'পরিবেশ দূষণ ও ঝুঁকি ব্যবস্থাপনা' শীর্ষক ২-দিনব্যাপী এক আন্তর্জাতিক সিম্পোজিয়াম গত ২ মে ২০২৩ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল প্রধান অতিথি হিসেবে এই সিম্পোজিয়াম উদ্বোধন করেন।


সিম্পোজিয়ামের উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. শহীদুর রশীদ ভূঁইয়া, লিনিয়াস বিশ্ববিদ্যালয়ের ডেপুটি ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. কর্নেলিয়া উইটথপট এবং ঢাকা বিশ্ববিদ্যালয় মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. তানভীর আহমেদ চৌধুরী বক্তব্য রাখেন।

প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল সিম্পোজিয়ামের সফলতা কামনা করে বলেন, এতে উপস্থাপিত বিভিন্ন প্রবন্ধ থেকে শিক্ষক, গবেষক, শিক্ষার্থী ও সংশ্লিষ্টরা তাদের জ্ঞানের জগৎকে আরও সমৃদ্ধ করতে পারবেন। পরিবেশ দূষণ রোধে এবং পরিবেশ সংরক্ষণে এই সিম্পোজিয়াম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

এই সিম্পোজিয়ামে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, গবেষক, বিশেষজ্ঞ ও শিক্ষার্থীবৃন্দ অংশগ্রহণ করছেন। এতে দেশ-বিদেশের শিক্ষক ও গবেষকবৃন্দ ২৩টি প্রবন্ধ উপস্থাপন করেন।

# অধ্যাপক ও বিশিষ্টজনের মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

## ডা. জাফরুল্লাহ চৌধুরী



গণস্বাস্থ্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ও স্বাধীনতা পুরস্কারপ্রাপ্ত চিকিৎসক ডা. জাফরুল্লাহ চৌধুরীর মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন।

গত ১২ এপ্রিল ২০২৩ এক শোকবাণীতে উপাচার্য বলেন, ডা. জাফরুল্লাহ চৌধুরী ছিলেন একজন বীর মুক্তিযোদ্ধা। তিনি স্পষ্টভাষী, সদালাপী ও সাদামাটা জীবনের অধিকারী ছিলেন। স্বাস্থ্যসেবায় বিশেষ করে অসহায় ও গণমানুষের চিকিৎসা সেবায় তিনি যে অসামান্য ভূমিকা রেখেছেন, তা নিঃসন্দেহে প্রশংসনীয়। চিকিৎসা খাতের উন্নয়ন ও গবেষণায় অনন্য অবদানের জন্য তিনি স্মরণীয় হয়ে থাকবেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রয়াত ডা. জাফরুল্লাহ চৌধুরীর রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

উল্লেখ্য, ডা. জাফরুল্লাহ চৌধুরী গত ১১ এপ্রিল ২০২৩ রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮১ বছর।

## অধ্যাপক ইমদাদুল হক



ঢাকা বিশ্ববিদ্যালয় সমাজবিজ্ঞান বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ইমদাদুল হকের মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন।

গত ১৪ এপ্রিল ২০২৩ এক শোকবাণীতে উপাচার্য বলেন, অধ্যাপক ইমদাদুল হক ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয় সামজবিজ্ঞান বিভাগের একজন প্রথিতযশা শিক্ষক ও গবেষক। তিনি ছিলেন দেশের একজন খ্যাতিমান সমাজবিজ্ঞানী। বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীদের কাছে ছিলেন তিনি অত্যন্ত জনপ্রিয়। সমাজবিজ্ঞান বিষয়ক শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে অনন্য অবদানের জন্য সৎ ও গুণী এই শিক্ষক স্মরণীয় হয়ে থাকবেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রয়াত অধ্যাপক ইমদাদুল হক-এর রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

উল্লেখ্য, অধ্যাপক ইমদাদুল হক গত ১৩ এপ্রিল ২০২৩ মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৩ বছর।

## পঙ্কজ ভট্টাচার্য



মহান মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক ও বর্ষীয়ান রাজনীতিবিদ পঙ্কজ ভট্টাচার্যের মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন।

গত ২৪ এপ্রিল ২০২৩ এক শোকবাণীতে উপাচার্য বলেন, দেশের প্রবীণ এই বামপন্থী রাজনীতিবিদ দলের চেয়েও ব্যক্তি হিসেবে সমধিক পরিচিতি লাভ করেছিলেন। বিশেষ মূল্যবোধসম্পন্ন এক অসাধারণ মানুষ ছিলেন তিনি। লোভ-লালসার উর্ধ্বে থেকে তিনি নাগরিক সমাজের প্রতিনিধি হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করতে সক্ষম হয়েছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রয়াত রাজনীতিবিদ পঙ্কজ ভট্টাচার্যের আত্মার শান্তি কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

উল্লেখ্য, পঙ্কজ ভট্টাচার্য গত ২৩ এপ্রিল ২০২৩ রাজধানীর একটি হাসপাতালে মৃত্যুবরণ করেন।

## ড. আ র ম আলী হায়দার



ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামিক স্টাডিজ বিভাগের অনারারি অধ্যাপক ড. আ র ম আলী হায়দারের মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন।

গত ৫ মে ২০২৩ এক শোকবাণীতে উপাচার্য বলেন, অধ্যাপক ড. আ র ম আলী হায়দার ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন খ্যাতিমান ইসলামিক চিন্তাবিদ, গবেষক ও শিক্ষক। অধ্যাত্মবাদভিত্তিক সুফি দর্শনের চর্চা, প্রচার ও প্রসারের মাধ্যমে মানুষের মধ্যে মানবিক সম্পর্ক উন্নয়ন ও মূল্যবোধ বিকাশে তিনি অনন্য অবদান রেখে গেছেন। ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যান, সংখ্যাতিরিক্ত অধ্যাপক, অনারারি অধ্যাপকসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে তিনি অত্যন্ত নিষ্ঠা, দক্ষতা ও সততার সাথে দায়িত্ব পালন করেছেন। বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীদের কাছে এই সৎ ও গুণী শিক্ষক ছিলেন অত্যন্ত জনপ্রিয়। সকল ধর্মের প্রতি শ্রদ্ধাশীল, উদার ও মানবিক মূল্যবোধসম্পন্ন এই চিন্তাবিদ ইসলামিক দর্শন বিষয়ক শিক্ষা ও গবেষণায় অনন্য অবদানের জন্য স্মরণীয় হয়ে থাকবেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

উল্লেখ্য, অধ্যাপক ড. আ র ম আলী হায়দার গত ৫ মে ২০২৩ চিকিৎসাধীন অবস্থায় রাজধানীর একটি হাসপাতালে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৭ বছর।

## অধ্যাপক ড. জিয়াউস শামস্



ঢাকা বিশ্ববিদ্যালয় ভূগোল ও পরিবেশ বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. জিয়াউস শামস্ এম এম হক-এর মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন।

গত ৭ মে ২০২৩ এক শোকবাণীতে উপাচার্য বলেন, অধ্যাপক ড. জিয়াউস শামস্ এম এম হক ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন খ্যাতিমান শিক্ষক ও পরিবেশবিদ। তিনি জনসংখ্যা ভূগোল বিষয়ে একজন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন গবেষক ছিলেন। উদার ও মানবিক মূল্যবোধসম্পন্ন এই পরিবেশ বিজ্ঞানী পরিবেশ সংরক্ষণ এবং ভূগোল ও পরিবেশ বিষয়ক শিক্ষার প্রসার ও গবেষণায় অনন্য অবদান রেখে গেছেন। বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীদের কাছে অত্যন্ত জনপ্রিয় ছিলেন এই গুণী শিক্ষক।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

উল্লেখ্য, অধ্যাপক ড. জিয়াউস শামস্ এম এম হক গত ৭ মে ২০২৩ চিকিৎসাধীন অবস্থায় রাজধানীর একটি হাসপাতালে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮০ বছর।

## অধ্যাপক ড. নুরুল ইসলাম



ঢাকা বিশ্ববিদ্যালয় অর্থনীতি বিভাগের সাবেক শিক্ষক, বীর মুক্তিযোদ্ধা, খ্যাতনামা অর্থনীতিবিদ এবং দেশের প্রথম পরিকল্পনা কমিশনের ডেপুটি চেয়ারম্যান অধ্যাপক ড. নুরুল ইসলাম-এর মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন।

গত ১০ মে ২০২৩ এক শোকবাণীতে উপাচার্য বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঘনিষ্ঠ ও আস্থাভাজন এই অর্থনীতিবিদ মুক্তিযুদ্ধের পক্ষে বিশ্বজনমত গঠনে অসাধারণ ভূমিকা পালন করেছেন। প্রথিতযশা ও দূরদর্শী এই অর্থনীতিবিদ যুদ্ধ পরবর্তী সময়ে ১৯৭২ থেকে ১৯৭৫ সাল পর্যন্ত অর্থনীতি পুনরুদ্ধারে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন। অধ্যাপক ড. নুরুল ইসলাম ঢাকা বিশ্ববিদ্যালয় ছাড়াও ইয়েল, অক্সফোর্ড, কেমব্রিজ এবং লন্ডন স্কুল অব ইকোনমিকসসহ বিশ্বের বিভিন্ন স্বনামধন্য বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা ও গবেষণা করেছেন। দেশে-বিদেশে তাঁর ২৫টির বেশি বই এবং বিভিন্ন জার্নালে অসংখ্য প্রবন্ধ প্রকাশিত হয়েছে। স্বনামধন্য এই অর্থনীতিবিদ সুদীর্ঘ কর্মজীবনে বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক সংস্থায় বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অত্যন্ত সততা, নিষ্ঠা, দক্ষতা ও সুনামের সঙ্গে দায়িত্ব পালন করেছেন। মহান মুক্তিযুদ্ধ, যুদ্ধ পরবর্তী দেশের অর্থনীতি পুনরুদ্ধার, অর্থনৈতিক উন্নয়ন এবং অর্থনীতি বিষয়ক শিক্ষা ও গবেষণায় অনন্য অবদানের জন্য তিনি স্মরণীয় হয়ে থাকবেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

উল্লেখ্য, অধ্যাপক ড. নুরুল ইসলাম গত ৯ মে ২০২৩ যুক্তরাষ্ট্রে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৯৪ বছর।

## অধ্যাপক ড. বেগম জাহান আরা



ঢাকা বিশ্ববিদ্যালয় আধুনিক ভাষা ইনস্টিটিউটের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. বেগম জাহান আরা-এর মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন।

গত ১২ মে ২০২৩ এক শোকবাণীতে উপাচার্য বলেন, অধ্যাপক ড. বেগম জাহান আরা ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয় আধুনিক ভাষা ইনস্টিটিউটের বাংলা ভাষার একজন খ্যাতিমান শিক্ষক ও গবেষক। একজন জনপ্রিয় কথাসাহিত্যিক হিসেবেও তিনি সমাদৃত ছিলেন। উদার ও মানবিক মূল্যবোধসম্পন্ন এই প্রথিতযশা ভাষাবিজ্ঞানী বাংলাদেশ শিশু একাডেমির মহাপরিচালক হিসেবেও অত্যন্ত দক্ষতা, সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করেন। বাংলা ভাষা শিক্ষার প্রসার, গবেষণা এবং সাহিত্য রচনায় অনন্য অবদানের জন্য গুণী এই শিক্ষক স্মরণীয় হয়ে থাকবেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান মরহুমার রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

উল্লেখ্য, অধ্যাপক ড. বেগম জাহান আরা গত ১১ মে ২০২৩ জার্মানিতে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৮ বছর

## অধ্যাপক ড. মো. খলিলুর রহমান



ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাণিবিদ্যা বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. মো. খলিলুর রহমান-এর মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন।

গত ৯ মে ২০২৩ এক শোকবাণীতে উপাচার্য বলেন, অধ্যাপক ড. মো. খলিলুর রহমান ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাণিবিদ্যা বিভাগের একজন খ্যাতিমান শিক্ষক ও গবেষক। বাংলাদেশ প্রাণিবিজ্ঞান সমিতির ফেলো ও আজীবন সদস্য অধ্যাপক ড. মো. খলিলুর রহমান একজন বন্যপ্রাণি বিশেষজ্ঞ হিসেবে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে অনেক সুনাম অর্জন করেছেন। দেশ-বিদেশের অনেক জার্নালে তাঁর গবেষণামূলক বহু প্রবন্ধ প্রকাশিত হয়েছে। এছাড়া, এই গুণী শিক্ষকের একক এবং যৌথভাবে রচিত বন্যপ্রাণি ও পরিবেশ বিজ্ঞান বিষয়ক ১৭টি বই প্রকাশিত হয়েছে। প্রাণিবিদ্যা বিষয়ক শিক্ষার প্রসার, বন্যপ্রাণি সংরক্ষণ ও গবেষণায় অনন্য অবদানের জন্য তিনি স্মরণীয় হয়ে থাকবেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

উল্লেখ্য, অধ্যাপক ড. মো. খলিলুর রহমান গত ৫ মে ২০২৩ চিকিৎসাধীন অবস্থায় কানাডার একটি হাসপাতালে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৪ বছর।

# উপাচার্যের সাথে বিদেশী অতিথিদের সাক্ষাৎ

## যুক্তরাজ্যের অধ্যাপক

যুক্তরাজ্যের কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. ডেভিড সি. অলড্রিজ গত ১৩ এপ্রিল ২০২৩ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের মধ্যে চলমান যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরও গতিশীল করার ব্যাপারে আলোচনা করেন। উপাচার্য টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর উপর গুরুত্বারোপ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিকে ধন্যবাদ জানান।

পরে, অধ্যাপক ড. ডেভিড সি. অলড্রিজ ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাণিবিদ্যা বিভাগে 'Aquatic Ecological Research: Global Perspectives' শীর্ষক সেমিনারে বক্তৃতা প্রদান করেন।

## কোরিয়ার প্রতিনিধিদল

দক্ষিণ কোরিয়ার কিয়ংপুক ন্যাশনাল ইউনিভার্সিটির অধ্যাপক ড. ওহসেক কওন-এর নেতৃত্বে ৭-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ৩ মে ২০২৩ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।

সাক্ষাৎকালে তারা পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং কিয়ংপুক ন্যাশনাল ইউনিভার্সিটির মধ্যে চলমান যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরও গতিশীল করার ব্যাপারে আলোচনা করেন। দক্ষিণ কোরিয়ার ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল সায়েন্সেস (এনআইবিআর)-এর আর্থিক সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয় উদ্ভিদবিজ্ঞান বিভাগ এবং কিয়ংপুক ন্যাশনাল ইউনিভার্সিটি পরিচালিত যৌথ গবেষণা প্রকল্পের অগ্রগতি নিয়েও বৈঠকে আলোচনা করা হয়। উল্লেখ্য, শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরও জোরদার করার লক্ষ্যে এই দু' বিশ্ববিদ্যালয়ের মধ্যে ইতোমধ্যেই একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য উপাচার্য অতিথিদের ধন্যবাদ জানান।

প্রতিনিধি দলের সদস্যরা সকালে ঢাকা বিশ্ববিদ্যালয় উদ্ভিদবিজ্ঞান বিভাগ আয়োজিত 'জীববৈচিত্র্য গবেষণায় আন্তর্জাতিক সহযোগিতা' শীর্ষক সেমিনারে অংশ নেন।

## ডিএসপিইউ-এর রেক্টর

রাশিয়ার দাগেস্তান স্টেট পেডাগোজিক্যাল ইউনিভার্সিটি (ডিএসপিইউ)-এর রেক্টর অধ্যাপক আসভারভ নারিমান গত ৪ মে ২০২৩ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সাথে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। এসময় ঢাকাস্থ রাশিয়ান দূতাবাসের কাউন্সেলর এবং রাশিয়ান সেন্টার ফর সায়েন্স অ্যান্ড কালচার-এর পরিচালক মি. ম্যাক্সিম ডোব্রোখোতভ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রবীর কুমার সরকার, আধুনিক ভাষা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. এবিএম রেজাউল করিম ফকির এবং জনসংযোগ দফতরের পরিচালক মাহমুদ আলম উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং রাশিয়ার দাগেস্তান স্টেট পেডাগোজিক্যাল ইউনিভার্সিটি-এর মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরও জোরদার করার ব্যাপারে মতবিনিময় করেন। এসময় নিজ নিজ বিশ্ববিদ্যালয়ের ইতিহাস এবং শিক্ষা কার্যক্রম সম্পর্কে তাঁরা একে অপরকে অবহিত করেন। বাংলাদেশ এবং রাশিয়ার মধ্যে শিক্ষা ও সাংস্কৃতিক সম্পর্ক আরও গতিশীল করার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় আধুনিক ভাষা ইনস্টিটিউটে 'রাশিয়ান কর্নার' এবং 'সেন্টার ফর ওপেন এডুকেশন ইন রাশিয়ান ল্যাঙ্গুয়েজ' স্থাপনের বিষয়ে তাঁরা ফলপ্রসূ আলোচনা করেন। এলক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং দাগেস্তান স্টেট পেডাগোজিক্যাল ইউনিভার্সিটি-এর মধ্যে শীঘ্রই একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয়ে তাঁরা ঐকমত্য প্রকাশ করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর সঙ্গে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম জোরদার করার ব্যাপারে গভীর আগ্রহ প্রকাশ করায় দাগেস্তান স্টেট পেডাগোজিক্যাল ইউনিভার্সিটি'র রেক্টর অধ্যাপক আসভারভ নারিমানকে আন্তরিক ধন্যবাদ জানান।




রাশিয়ার দাগেস্তান স্টেট পেডাগোজিক্যাল ইউনিভার্সিটি-এর রেক্টর অধ্যাপক আসভারভ নারিমান গত ৪ মে ২০২৩ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সাথে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।




যুক্তরাজ্যের কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. ডেভিড সি. অলড্রিজ গত ১৩ এপ্রিল ২০২৩ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।



দক্ষিণ কোরিয়ার কিয়ংপুক ন্যাশনাল ইউনিভার্সিটির অধ্যাপক ড. ওহসেক কওন-এর নেতৃত্বে ৭-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ৩ মে ২০২৩ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।



তুরস্কের ইস্তাম্বুল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মোহাম্মদ রশিদ এবং অধ্যাপক ড. উসেল বুলুট গত ৬ মে ২০২৩ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

# ইংরেজি বিভাগের উদ্যোগে আন্তর্জাতিক সম্মেলন




(১ম পৃষ্ঠার পর) ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের জন্য লিঙ্গ সমতা নিশ্চিত করার উপর গুরুত্বারোপ করে বলেন, এ ক্ষেত্রে সব ধরনের বাধা দূর করতে হবে। একটি অন্তর্ভুক্তিমূলক সমাজ বিনির্মাণের লক্ষ্যে মানবিক মূল্যবোধে উদ্বুদ্ধ হওয়ার জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানান।

উল্লেখ্য, দেশ-বিদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষাবিদ ও গবেষকগণ এই সম্মেলনে অংশগ্রহণ করেন।



ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে 'বিজ্ঞান ইউনিট'-এর আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের ভর্তি পরীক্ষা গত ১২ মে ২০২৩ সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের রুটিন দায়িত্বে নিয়োজিত প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ, 'বিজ্ঞান ইউনিট' ভর্তি পরীক্ষার সমন্বয়কারী ও আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড. মো. জিল্লুর রহমানসহ সংশ্লিষ্টরা কার্জন হল পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন।



ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে 'ব্যবসায় শিক্ষা ইউনিট' -এর আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের ভর্তি পরীক্ষা গত ১৩ মে ২০২৩ সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের রুটিন দায়িত্বে নিয়োজিত প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ, 'ব্যবসায় শিক্ষা ইউনিট' ভর্তি পরীক্ষার সমন্বয়কারী ও বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মুহাম্মাদ আব্দুল মঈনসহ সংশ্লিষ্টরা বিজনেস স্টাডিজ অনুষদ ভবনস্থ পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন।

# বাংলা নববর্ষ উদ্‌যাপিত

(১ম পৃষ্ঠার পর) ঢাবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. জিনাত হুদা, প্রক্টর অধ্যাপক ড. মো. মাকসুদুর রহমানসহ বিপুল সংখ্যক শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী এবং সর্বসাধারণ অংশগ্রহণ করেন।

শোভাযাত্রায় এবার স্থান পায় ৫টি মোটিফ। মোটিফ ৫টি হলো- টেপা পুতুল, ময়ূর, নীল গাই, হাতি ও বাঘ। একইসঙ্গে শোভাযাত্রায় বিভিন্ন মুখোশ, পেঁচা, ঘোড়া, পুতুল, নকশি পাখি ও বিভিন্ন প্রাণীর প্রতিকৃতি প্রদর্শন করা হয়। পহেলা বৈশাখ উদ্‌যাপনে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আগতরা কোন ধরনের মুখোশ পরেনি এবং ব্যাগ বহন করেনি। তবে চারুকলা অনুষদ কর্তৃক প্রস্তুতকৃত মুখোশ হাতে নিয়ে প্রদর্শন করেছেন। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে কেউ ভুভুজিলা বাঁশি বাজায়নি। এছাড়া, ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয়ের স্টিকারযুক্ত গাড়ি ছাড়া অন্য যানবাহন ও মোটরসাইকেল চলাচল বন্ধ ছিল।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বাংলা নববর্ষ উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারীসহ সকলকে আন্তরিক শুভেচ্ছা জানান এবং সকলের সুখ, শান্তি, আনন্দ, সমৃদ্ধি ও অনাবিল মঙ্গল কামনা করেন। তিনি বলেন, এই মঙ্গল শোভাযাত্রা আবহমান বাংলার সাংস্কৃতিক ঐতিহ্য। এখন এটি ওয়ার্ল্ড মেমোরি অব হেরিটেজের অন্তর্ভুক্ত। ফলে এই সাংস্কৃতিক ঐতিহ্যটি আন্তর্জাতিক সম্প্রদায় এবং বিশ্বের প্রতিটি জনগোষ্ঠীর কাছে একটি অসাধারণ সম্পদ। সেটি সংরক্ষণ ও সকলের মাঝে ছড়িয়ে দিতে সকলকে সম্মিলিতভাবে দায়িত্ব পালন করতে হবে।

উপাচার্য আশাবাদ ব্যক্ত করে বলেন, অতীতের গ্লানি, দুঃখ, জরা মুছে অসুন্দর ও অশুভকে পেছনে ফেলে নতুন কেতন উড়িয়ে বাংলা নববর্ষ-১৪৩০ সকলের জীবনে আরও সমৃদ্ধি বয়ে আনবে। তথ্য-প্রযুক্তি ও জ্ঞান নির্ভর 'স্মার্ট বাংলাদেশ' বিনির্মাণে বিজ্ঞান ও প্রযুক্তিসহ সকল ক্ষেত্রে নতুন নতুন উদ্ভাবনের মাধ্যমে দেশ নবউদ্যোমে এগিয়ে যাবে।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান আরও বলেন, এই মঙ্গল শোভাযাত্রা অন্তর্ভুক্তিমূলক দৃষ্টিভঙ্গির প্রতিফলন। এই মঙ্গল শোভাযাত্রা অসাম্প্রদায়িক ও মানবিক বাংলাদেশ গড়ার বার্তা দেয়। মঙ্গল শোভাযাত্রার চেতনা ও মূল্যবোধ সকলের মাঝে ছড়িয়ে দিয়ে একটি অন্তর্ভুক্তিমূলক সমাজ ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সমন্বিতভাবে কাজ করার জন্য উপাচার্য সকলের প্রতি আহ্বান জানান।

এর আগে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঐতিহাসিক বটতলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিশ্ববিদ্যালয়ের সংগীত বিভাগ আয়োজিত বর্ষবরণ অনুষ্ঠানের উদ্বোধন করেন।

# ঢাকার তাপমাত্রা সহনশীল রাখতে

(১ম পৃষ্ঠার পর) চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, বাংলাদেশে নিযুক্ত যুক্তরাজ্যের ডেপুটি হাই কমিশনার ম্যাট ক্যানেল এবং আড্রিয়েন আরশট-রকফেলার ফাউন্ডেশন রেজিলিয়েন্স সেন্টারের সিনিয়র অ্যাডভাইজার মরিসিও রোডাস ও পরিচালক ক্যাথি বাউম্যান ম্যাকলিওড। ডিএনসিসি'র সিইও মো. সেলিম রেজা অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন এবং ঢাকা বিশ্ববিদ্যালয় ডিজাস্টার সায়েন্স এন্ড ক্লাইমেট রেজিলিয়েন্স বিভাগের চেয়ারম্যান ও আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড. মো. জিল্লুর রহমান ধন্যবাদ জ্ঞাপন করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, বাংলাদেশসহ সারা বিশ্বে জলবায়ু পরিবর্তনের ফলে তাপমাত্রা বৃদ্ধি পাচ্ছে। তীব্র তাপপ্রদাহে পুড়ছে ঢাকাসহ গোটা দেশ। তাপমাত্রা বৃদ্ধির পিছনে বৈশ্বিক উষ্ণতার পাশাপাশি স্থানীয় কারণগুলো চিহ্নিত করে তা সমাধানের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাথে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন যৌথ সহযোগিতামূলক কার্যক্রম গ্রহণ করেছে। এ ব্যাপারে ঢাকা বিশ্ববিদ্যালয় ডিএনসিসিকে সর্বাত্মক সহযোগিতা করবে বলে উপাচার্য উল্লেখ করেন।

মেয়র মো. আতিকুল ইসলাম বলেন, অ্যাড্রিয়েন আর্শট-রকফেলার ফাউন্ডেশন বিশ্বের অনেক দেশে তাপমাত্রা কমিয়ে আনার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। যেসব কার্যক্রম গ্রহণ করলে ঢাকা শহরের তাপমাত্রা কমানো ও সহনশীল রাখা যাবে সেসব বিষয়ে আর্শট-রকফেলার ফাউন্ডেশন আমাদের বিভিন্নভাবে পরামর্শ ও সহায়তা দিচ্ছে। তাপদাহ নিয়ন্ত্রণে আগামী ২ বছরে উত্তর সিটি কর্পোরেশন এলাকায় ২ লক্ষ বৃক্ষ রোপনের ঘোষণা দেন ডিএনসিসি'র মেয়র।

# বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬২তম জন্মবার্ষিকী উদ্‌যাপিত

‘সমাজ সংস্কার ও রবীন্দ্রনাথ’ প্রতিপাদ্যকে ধারণ করে ঢাকা বিশ্ববিদ্যালয়ে গত ৮ মে ২০২৩ বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬২তম জন্মবার্ষিকী উদ্‌যাপিত হয়েছে। এ উপলক্ষ্যে ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে এক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের রুটিন দায়িত্বে নিয়োজিত প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ আলোচনা সভায় সভাপতিত্ব করেন।





অনুষ্ঠানে কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলা বিভাগের সংখ্যাতিরিক্ত অধ্যাপক ড. বেগম আকতার কামাল। রেজিস্ট্রার প্রবীর কুমার সরকার অনুষ্ঠান সঞ্চালন করেন।

প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের অমর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, সমাজের নানা অসংগতি, কুসংস্কার, বাংলার মানুষের কষ্ট, প্রকৃতি, পরিবেশ, মানবপ্রেমসহ বিভিন্ন বিষয় রবীন্দ্রনাথ তাঁর কবিতা, ছোটগল্প, গান, রচনা, সাহিত্য ও শিল্পকর্মের মাধ্যমে তুলে ধরেছেন। রবীন্দ্রনাথের ভারতবর্ষীয় দর্শন ছিল অনেক উদার। অসাম্প্রদায়িক ও মানবিক মূল্যবোধসম্পন্ন সমাজ প্রতিষ্ঠায় রবীন্দ্রনাথ ঠাকুরের চিন্তাভাবনা ও দর্শন সকলের সামনে আমাদের সবসময় তুলে ধরতে হবে। রবীন্দ্রনাথের জীবন, দর্শন ও সাহিত্যকর্ম সম্পর্কে জানলে আমরা নিজেদের আরও সমৃদ্ধ করতে পারব বলে তিনি উল্লেখ করেন।

কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ রবীন্দ্রনাথের জীবন ও কর্ম নিয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি বলেন, রবীন্দ্রনাথের জীবন, দর্শন ও সাহিত্যকর্ম আমাদের সবসময় অনুপ্রেরণা জোগায়।

অধ্যাপক ড. বেগম আকতার কামাল মূল প্রবন্ধে বলেন, রবীন্দ্রনাথের সমাজদর্শন বিশ্বদর্শনে পরিণত হয়েছে। তাঁর শ্রেষ্ঠ সৃজনশীল কাজগুলো তৎকালীন পূর্ববঙ্গের গ্রাম্যজীবন ও পদ্মাপাড়ের মানুষের জীবন নিয়ে রচিত। তিনি লেখনীর মাধ্যমে মানুষের চিন্তা-চেতনার পরিবর্তন করে সমাজ সংস্কার করতে চেয়েছেন। সমাজ সংস্কারের ক্ষেত্রে তিনি নারীকে সর্বোচ্চ আসনে রেখেছেন।

আলোচনা পর্ব শেষে ঢাকা বিশ্ববিদ্যালয় সংগীত বিভাগ ও নৃত্যকলা বিভাগের যৌথ উদ্যোগে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।



ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ‘কলা, আইন ও সামাজিক বিজ্ঞান’ ইউনিটের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের ভর্তি পরীক্ষা গত ৬ মে ২০২৩ সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ এবং ‘কলা, আইন ও সামাজিক বিজ্ঞান’ ইউনিট ভর্তি পরীক্ষার সমন্বয়কারী ও কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুল বাছিরসহ সংশ্লিষ্টরা কলা ভবনের বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন।



ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে চারুকলা ইউনিটের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তি পরীক্ষা গত ২৯ এপ্রিল ২০২৩ সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান কলা ভবন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। এসময় চারুকলা অনুষদের ডিন ও ‘চারুকলা ইউনিট’ ভর্তি পরীক্ষার সমন্বয়কডারী অধ্যাপক নিসার হোসেন উপস্থিত ছিলেন।



ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট (আইবিএ)-এর বিবিএ প্রোগ্রামের ভর্তি পরীক্ষা গত ৫ মে ২০২৩ সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। এ সময় ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক মোহাম্মদ আব্দুল মোমেন উপস্থিত ছিলেন।




সেভ দ্যা ফ্রগস ডে-২০২৩ উপলক্ষ্যে ঢাবি প্রাণিবিদ্যা বিভাগ এবং ঢাবি নেচার কনজারভেশন ক্লাবের যৌথ উদ্যোগে গত ৭ এপ্রিল ২০২৩ ক্যাম্পাসে একটি র‍্যালি বের করা হয়। প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল প্রধান অতিথি হিসেবে র‍্যালিতে নেতৃত্ব দেন। র‍্যালিতে অন্যান্যর মধ্যে জীব বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান এবং অধ্যাপক ড. মোহাম্মদ ফিরোজ জামান অংশগ্রহণ করেন।

# বুদ্ধ পূর্ণিমা উপলক্ষ্যে বিশ্বশান্তি ও সম্প্রীতি র‍্যালি




বুদ্ধ পূর্ণিমা উপলক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় সেন্টার ফর বুদ্ধিস্ট হেরিটেজ এন্ড কালচার এবং পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগের যৌথ উদ্যোগে গত ৩ মে ২০২৩ অপরাজেয় বাংলার পাদদেশ থেকে ‘বিশ্বশান্তি ও সম্প্রীতি র‍্যালি’ বের করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই র‍্যালির উদ্বোধন করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান র‍্যালি উদ্বোধনকালে বিশ্ববিদ্যালয়ের বৌদ্ধ ধর্মাবলম্বী শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীসহ সকলকে আন্তরিক শুভেচ্ছা জানান। তিনি সকলের অনাবিল সুখ, শান্তি, সমৃদ্ধি ও মঙ্গল কামনা করে বলেন, গৌতম বুদ্ধের আদর্শ ও মূল্যবোধ হৃদয়ে ধারণ করে বিশ্বে শান্তি প্রতিষ্ঠায় ও সমাজে মানবিক সম্পর্ক উন্নয়নে সকলকে সমন্বিতভাবে কাজ করতে হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয় কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুল বাছির, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া, সেন্টার ফর বুদ্ধিস্ট হেরিটেজ এন্ড কালচার এর পরিচালক অধ্যাপক ড. বিমান চন্দ্র বড়ুয়া, জগন্নাথ হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মিহির লাল সাহা, পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগের চেয়ারম্যান ড. নীরু বড়ুয়া, প্রক্টর অধ্যাপক ড. মো. মাকসুদুর রহমানসহ শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ র‍্যালিতে অংশ নেন।

# আন্তর্জাতিক শ্রমিক দিবস উপলক্ষ্যে ফটোগ্রাফিক সোসাইটির আলোকচিত্র প্রদর্শনী



আলোকচিত্র প্রদর্শনীর মাধ্যমে ‘আন্তর্জাতিক শ্রমিক দিবস’ পালন করল ঢাকা ইউনিভার্সিটি ফটোগ্রাফিক সোসাইটি (ডিইউপিএস)। সংগঠনটির উদ্যোগে গত ১ মে ২০২৩ ছাত্র-শিক্ষক কেন্দ্রে আয়োজিত হয় এই আলোকচিত্র প্রদর্শনীর। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই আলোকচিত্র প্রদর্শনীর উদ্বোধন করেন।

ডিইউপিএস এর সভাপতি মো. আসিফ হাসানের সভাপতিত্বে প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয় সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. জিয়া রহমান এবং সংগঠনের মডারে-টর অধ্যাপক হাসান আল শাফী বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এসময় সংগঠনের সাধারণ সম্পাদক তামজিদ আহমেদ নিঝুমসহ সংগঠনের সাবেক ও বর্তমান সদস্যরা উপস্থিত ছিলেন।

প্রদর্শনীতে সংগঠনের সাবের্ক ও বর্তমান সদস্যদের তোলা শ্রমিক সম্পর্কিত ৩০টি আলোকচিত্র স্থান পেয়েছে। প্রদর্শনী চলে রাত ৮টা পর্যন্ত।

**সম্পাদক: মাহমুদ আলম, পরিচালক (জনসংযোগ),** প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম তাসমিন, মো: আবু বকর সিদ্দিক ও শুভাশীষ রঞ্জন সরকার, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শারমিন আক্তার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং ঢাকা বিশ্ববিদ্যালয় প্রেস থেকে মুদ্রিত। ফোন: ৫৫১৬৭৭১৯, ৯৬৬১৯০০-৫৯/৪১০০, ০১৭৫৮৪৯২৪১৫